



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তর
১, কাওরান বাজার টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা
www.roc.gov.bd

নং- ২৬.০৬.০০০০.০৯৩.০১.০৭২.১৬.

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৬
২২ মে ২০১৯

কোম্পানির নিবন্ধন ব্যয় কমলো

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত 'রূপকল্প ২০২১' বাস্তবায়নের লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ বিনিমানে পরিদপ্তরের সকল নাগরিক সেবা অনলাইনে সম্পন্ন করা হচ্ছে। এছাড়া টেকসই উন্নয়ন (SDG) বাস্তবায়নে বাংলাদেশের প্রথম পূর্ণাঙ্গ ডিজিটাল সেবা প্রদানকারী অফিস হিসেবে এ পরিদপ্তর কর্তৃক বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কোম্পানির নামের ছাড়পত্র, রেজিস্ট্রেশন এবং রিটার্ন ফাইলিং ফি ব্যাপক হারে হ্রাস করাসহ গৃহীত সংস্কারসমূহ নিম্নরূপ:

- স্বয়ংক্রিয় পদ্ধতিতে নামের ছাড়পত্র প্রদান;
- অনলাইনের নিবন্ধনের আবেদন দাখিল ও নিবন্ধন প্রদান;
- অনলাইনে ডিজিটাল স্বাক্ষরযুক্ত নিবন্ধন সনদ ও সার্টিফাইড কপি সরবরাহকরণ;
- অনলাইনে রিটার্ন দাখিল ও নিষ্পত্তিকরণ;
- অনলাইনে বিবিধ আবেদন গ্রহণ ও নিষ্পত্তিকরণ;
- অনলাইন ব্যাংকিং এবং মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ফিস গ্রহণ;
- ডিজিটাল স্বাক্ষর চালুকরণ;
- কোম্পানি নিবন্ধন ফিস হ্রাস করণ [অনুমোদিত মূলধন ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত নিবন্ধন ফিস শূন্য];
- জাতীয় রাজস্ব বোর্ডের সাথে অনলাইনে তাৎক্ষণিক তথ্য বিনিময়;
- One Stop Service (OSS)- প্রদানের লক্ষ্যে Bangladesh Investment Development Authority (BIDA)-এর সাথে API ইন্টিগ্রেশন করা হয়েছে। OSS প্ল্যাটফর্মের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে নামের ছাড়পত্র ও নিবন্ধন গ্রহণ করা যাচ্ছে;
- বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক বাস্তবায়নাধীন One Stop Service (OSS)- এর সাথে ইন্টিগ্রেশন-এর কাজ চলছে;
- ই-পেমেন্ট গেটওয়ে সুবিধা চালুকরণের বিষয়ে কাজ চলমান;
- উদ্যোক্তাগণের জাতীয় পরিচয়পত্র online এ ভেরিফিকেশনের জন্য নির্বাচন কমিশনের জন্য যোগাযোগ চলছে।

(মো: জাকির হোসেন)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)